দৈনিক খবর

তারিখ 23 APR 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

017

# এইচএসসি পরীক্ষার সময়সূচী পরিবর্তন করা হয়েছে

আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার (এইচএসসি) সময়সূচী পরিবর্তন করা হয়েছে। গতকাল শনিবার এক সরকারী তথ্য বিবরণীতে একথা বলা হয়েছে। খবর বাসস'র।

শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তা এবং চারটি বোর্ডের

(শেষ পৃঃ ১০এর ৪ঃ কঃ)

## এইচএসসি পরীক্ষা

(১ম পাতার পর)

চেয়ারম্যানদের এক সভায় পরীক্ষার সময়সূচী পরিবর্তনের সিদ্ধান্ত নেয়া হয়।

পরিবর্তিত সময়সূচী খুব শিগগিরই পত্রপত্রিকার মাধ্যমে ঘোষণা করা হবে।

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান: সময়সূচী পরিবর্তনের দাবীতে গতকাল শনিবার কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে শিক্ষা বোর্ড অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শনের পর পরিষদের একটি প্রতিনিধিদল চেয়ারম্যানের সাথে দেখা করেন।

পরিষদের প্রতিনিধি দলে ছিলেন ডাকসু ভিপি সুলতান মোহাম্মদ মনসুর, ছাত্র নেতা মোস্তফা ফারুক, জহিরউদ্দিন স্বপন, মামুনুর রহমান, আজিজুল হক, আখতার সোবহান মাসরুর প্রমুখ।

### ছাত্র মৈত্রী

এইচএসসি পরীক্ষার সময়সূচী পুনর্বিন্যাসের দাবীতে বাংলাদেশ ছাত্র মৈত্রী ঢাকা মহানগর কমিটিও গতকাল মিছিল ও সমাবেশ করে। মিছিল মগবাজার থেকে শুরু হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শেষ হয়। মোদাচ্ছেরুল হক হুদা ও ইসমাইল হোসেন সেখানে বক্তব্য রাখেন।